**VOTE**

**October 26**

# আপনার সিটি। আপনার ভোট।

টরন্টো মিউনিসিপ্যাল ইলেকশন (টরন্টো পৌরসভা নির্বাচন)

সোমবার, 26 অক্টোবর, 2026

**toronto.ca/Elections**

পৌরসভা নির্বাচন সংক্রান্ত তথ্যের জন্য আপনার বিশ্বস্ত উৎস।

## টরন্টো, ভোট প্রদান করার জন্য প্রস্তুতি গ্রহণ করুন!

### কারা ভোট প্রদান করতে পারবেন?

টরন্টোর 2026 সালের পৌরসভা নির্বাচনে ভোট প্রদান করার জন্য যোগ্য হতে হলে আপনাকে অবশ্যই:

- একজন কানাডীয় নাগরিক হতে হবে; এবং
- কমপক্ষে 18 বছর বয়সের হতে হবে; এবং
- টরন্টো নগরীর একজন বাসিন্দা হতে হবে; বা
- টরন্টোর একজন অ-নিবাসী (নন-রেসিডেন্ট) হতে হবে, তবে আপনার বা আপনার স্বামী/স্ত্রীকে টরন্টোতে একটি বাড়ির মালিক হতে হবে বা ভাড়া বাড়িতে থাকতে হবে; এবং
- কোনো আইনের অধীনে ভোট প্রদানের জন্য নিষিদ্ধ করা হয়নি।

টরন্টোতে আপনি যতগুলোই বাড়ির মালিক হন বা আপনি ভাড়া বাড়িতেই থাকেন না কেনো আপনি কেবলমাত্র একবারই ভোট প্রদান করতে পারবেন।
আপনি যে ওয়ার্ডে বাস করেন সেখানে আপনাকে অবশ্যই ভোট প্রদান করতে হবে।

## আপনার যা কিছু জানা প্রয়োজন তা খুঁজে নিন

**toronto.ca/Elections-** এ যান:

- ভোটার তালিকায় আপনার তথ্য নিশ্চিত করুন, যোগ করুন বা হালনাগাদ করুন (11 অক্টোবর সন্ধ্যা 7টা পর্যন্ত)।
- কোথায় এবং কখন ভোট প্রদান করতে হবে তা খুঁজে নিন
- পরিচয় শনাক্তকরণের শর্তাবলী সম্পর্কে জানুন।
- ডিজিটাল ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ডটি ডাউনলোড বা প্রিন্ট করুন।
- আপনার ভোট কেন্দ্র সম্পর্কে অভিগম্যতা সংক্রান্ত তথ্য খুঁজে নিন।
- আপনার ওয়ার্ডের একটি নমুনা ব্যালট এবং প্রার্থীদের তালিকাটি দেখুন।

## ভোট প্রদান করার বিকল্পসমূহ

### ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে (ইন পারসন)

আপনি অগ্রিম ভোটদানের সময় অথবা নির্বাচনের দিনে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে পারেন।
**toronto.ca/Elections**-এ আপনার ভোটকেন্দ্রটি খুঁজে নিন।

| অগ্রিম ভোটদান | নির্বাচনের দিন |
|---|---|
| 6 থেকে 11 অক্টোবর পর্যন্ত | সোমবার, 26 অক্টোবর |
| সকাল 10টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত | সকাল 10টা থেকে রাত 8টা পর্যন্ত |

## ডাকযোগে

আপনি **toronto.ca/Elections** -এ ডাকযোগে ভোট প্রদান করার জন্য অনুরোধ করতে পারেন। আপনার সম্পন্নকৃত ডাকযোগে ভোটদানের মোড়কসমূহ 14 অক্টোবর দুপুর 12টার (মধ্যাহ্নের) মধ্যে টরন্টো ইলেকশনস (Toronto Elections) দ্বারা অবশ্যই গৃহীত হতে হবে। আপনার চিহ্নিত ব্যালট এবং সহায়ক নথিসমূহ ফেরত পাঠাতে, টরন্টো ইলেকশনস-এর সুরক্ষিত ড্রপ বক্স ব্যবহার করুন অথবা কানাডা পোস্ট-এর মাধ্যমে পূর্বে-পরিশোধকৃত ডাকমাশুল সম্বলিত খামটি ডাকযোগে প্রেরণ করুন। ড্রপ বক্সের স্থানসমূহ ও সময়সূচী খুঁজতে **toronto.ca/Elections**-এ যান।

**<u>ডাকযোগে ভোট প্রদান করার মূল তারিখসমূহ</u>**

**অনুরোধ করার সময়কাল:** মঙ্গলবার, 1 সেপ্টেম্বর থেকে বৃহস্পতিবার, 24 সেপ্টেম্বর বিকাল 4:30 মিনিট পর্যন্ত।
**ফেরত পাঠানোর শেষ সময়সীমা:** বুধবার, 14 অক্টোবর দুপুর 12টা (মধ্যাহ্ন)

## প্রতিনিধির মাধ্যমে (বাই প্রক্সি)

আপনি যদি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বা ডাকযোগে ভোট প্রদান করতে অপারগ হন, তবে আপনার পক্ষ হয়ে প্রতিনিধিত্ব করার মাধ্যমে ভোট দেওয়ার জন্য আপনি অন্য একজন নির্বাচককে নিয়োগ করতে পারেন। এই ব্যক্তিকে টরন্টোর 2026 সালের পৌরসভা নির্বাচনে ভোট প্রদান করার জন্য অবশ্যই  যোগ্য হতে হবে।




ভোটিং প্রক্সি অ্যাপয়েন্টমেন্ট (Voting Proxy Appointment) ফর্মের জন্য অনুরোধ করতে, **VoterRegistration@toronto.ca** এ ইমেইল প্রেরণ করুন অথবা **311** নম্বরে টেলিফোন করুন।

**<u>প্রতিনিধিত্ব করার মাধ্যমে ভোটপ্রদানের মূল তারিখসমূহ</u>**

**ভোটিং প্রক্সি অ্যাপয়েন্টমেন্ট ফর্মের জন্য অনুরোধ করুন:** মঙ্গলবার, 1 সেপ্টেম্বর থেকে শুরু

**প্রক্সি ফর্মটি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অবশ্যই প্রত্যায়ন করতে হবে:** সোমবার, 26 অক্টোবর, বিকাল 4:30 মিনিট-এর মধ্যে

## ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হউন

আপনার ভোটার তালিকার তথ্য নিশ্চিত করতে, যোগ করতে বা হালনাগাদ করতে toronto.ca/Elections এ যান অথবা 311 নম্বরে টেলিফোন করুন। অনলাইনে ভোটার তালিকায় পরিবর্তন করার শেষ সময়সীমা হলো রবিবার, 11 অক্টোবর, সন্ধ্যা 7টা।

এটি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ যে আপনি ভোটার তালিকায় রয়েছেন এবং যে আপনার তথ্য সঠিক, বিশেষকরে গত পৌরসভা নির্বাচনের পর আপনি যদি স্থানান্তরিত হয়ে থাকেন বা আপনার নাম পরিবর্তন করে থাকেন। ভোট প্রদান করতে যাওয়ার পূর্বে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকা ভোটদান প্রক্রিয়াকে দ্রুততর করবে।

যদি রবিবার, 20 সেপ্টেম্বরের মধ্যে আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকেন, তাহলে আপনাকে ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ড (ভোটার ইনফরমেশন কার্ড) ডাকযোগে পাঠানো হবে।

আপনি অগ্রিম ভোটদানের সময় অথবা নির্বাচনের দিনে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোটার তালিকায় আপনার নাম যোগও করতে পারেন।

**ভোট প্রদান করার জন্য, আপনাকে যোগ্যতার শর্তাবলী অবশ্যই পূরণ করতে হবে এবং পরিচয়পত্র প্রদর্শন করতে হবে, এমনকি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকলেও।**

<u>**ভোটার তালিকার মূল তারিখ**</u>

**অনলাইনে ভোটার তালিকা হালনাগাদ করার শেষ সময়সীমা:** রবিবার, 11 অক্টোবর, সন্ধ্যা 7টা

## ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড (Voter Information Card)

আপনার ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড (ভিআইসি - VIC) কখন এবং কোথায় ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে হবে তা তালিকাভুক্ত করে। ভোটকেন্দ্রে আপনার ভিআইসি (VIC) নিয়ে আসলে তা ভোটদান প্রক্রিয়াকে দ্রুততর করবে, তবে ভোট প্রদান করার জন্য আপনার ভিআইসি (VIC)-র প্রয়োজন নেই। পরিচয়পত্র (আইডেন্টিফিকেশন) হিসাবে আপনার ভিআইসি-টি ব্যবহার করা যাবে না।

<u>**ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ড-এর মূল তারিখসমূহ**</u>

**ডিজিটাল ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড অনলাইনে উপলভ্য:** মঙ্গলবার, 1 সেপ্টেম্বর থেকে শুরু

**ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড ডাকযোগে প্রেরণ করা:** সোমবার, 28 সেপ্টেম্বর থেকে শুরু হবে

## ক্রমবর্ধমান ভবিষ্যৎ ভোটারগণ

শিশুরা টরন্টোর 2027 সালের ট্রি অফ দি ইয়ার (বর্ষসেরা গাছ)-এর জন্য ভোট দিতে পারবে এবং ভোটদান প্রক্রিয়া সম্পর্কে শিখতে পারবে।

**শনিবার, 10 অক্টোবর এবং রবিবার, 11 অক্টোবর**

সকাল 10টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত

সকল 50টি অগ্রিম ভোটকেন্দ্রসমূহে

**প্রার্থীদের সাথে দেখা করুন**

বিজয়ী গাছটিকে টরন্টোর 2027 সালের ট্রি অফ দি ইয়ার (বর্ষসেরা গাছ) হিসেবে ঘোষণা করা হবে এবং গাছপালা লাগিয়ে তা উদযাপন



**ব্যাসউড (টিলিয়া গাছ):**
আমার ছায়া আমাকে সবচেয়ে বেশী শীতল/অসাধারণ করে পার্কে গাছ!



**পেপার বার্চ:**
আমার বীজ সাহায্য করার জন্য বহুদূরে উড়ে যায় আমি সবখানে বেড়ে উঠি!



**রেড ওক:**
আমার ওক ফলসমূহ এবং পাতাসমূহ আমার প্রাণী বন্ধুদের জন্য সুস্বাদু জলখাবার!



**সুগার ম্যাপেল:**
আমার মিষ্টি রস এবং উজ্জ্বল রঙসমূহ বিশ্ববিখ্যাত!



**হোয়াইট পাইন (সাদা পাইন):**
আমার সূঁচসমূহ আমার সকল প্রাণী বন্ধুদের জন্য বছরব্যাপী আশ্রয় প্রদান করুন!

করা হবে, স্কুলসমূহকে চারাগাছসমূহ প্রদান করা হবে ও জনসাধারণের জন্য আয়োজিত সকল বৃক্ষ বিতরণ অনুষ্ঠানসমূহে বিনামূল্যে চারাগাছসমূহ উপলভ্য করা হবে।

**আনন্দদায়ক কর্মকাণ্ডসমূহ এবং তথ্য-সংস্থানসমূহের জন্য toronto.ca/KidsVote -এ যান:**

- ব্যালট কীভাবে চিহ্নিত করতে হবে তা শিখুন।
- কোথায় ভোট প্রদান করতে হবে তা দেখে নিন।
- কোন প্রার্থী গাছটির পাতা সবচেয়ে বড়, সবচেয়ে রুক্ষ বাকল অথবা সবচেয়ে সুস্বাদু রস রয়েছে তা আবিষ্কার করুন।
- কোন প্রার্থী গাছটিকে মৌমাছিসমূহ, পাখিসমূহ এবং কাঠবিড়ালিসমূহ সবচেয়ে বেশী পছন্দ করে তা খুঁজে বের করুন।

## toronto.ca/KidsVote

## অভিগম্যতা সংক্রান্ত তথ্য

সকল ভোটকেন্দ্রই অধিগমনযোগ্য এবং সেখানে সহায়তাকারী ব্যক্তি ও সেবা প্রদানকারী প্রাণীসমূহের ব্যবহারকে স্বাগত জানানো হয়। আপনার ভোটকেন্দ্রের অভিগম্যতা সংক্রান্ত তথ্য **toronto.ca/Elections-**এ পাওয়া যেতে পারে**।**

**অ্যাক্সিসিবল ভোটিং ইক্যুইপমেন্ট (অধিগম্য ভোটদান সহায়ক সরঞ্জাম)**

- ভোটার অ্যাসিস্ট টার্মিনাল (ভিএটি - VAT) প্রতিবন্ধী ভোটারদের বিভিন্ন সহায়ক সরঞ্জাম ব্যবহার করে তাদের ব্যালটটিকে গোপনে ও স্বাধীনভাবে চিহ্ন প্রদান করতে দেয়।
- ভিএটিসমূহ (VATs) একটি টাচ স্ক্রিন, একটি অডিও ফাংশন, একটি ব্রেইল কী-প্যাড, একটি নল সম্বলিত সিপ/পাফ যন্ত্র (সিপ/পাফ টিউব ডিভাইস), একটি রকার প্যাডল এবং মুদ্রাক্ষরের আকার ও রঙের পরিবর্তন সমন্বয় করতে একটি বৈশিষ্ট্য-সম্পন্ন জুম অন্তর্ভুক্ত করে।
- ভিএটিসমূহ (VAts) সকল অগ্রিম ভোট কেন্দ্রসমূহে এবং নির্বাচনের দিন প্রতিটি ওয়ার্ডের দুটি ভোটকেন্দ্রে উপলভ্য হবে। যদি নির্বাচনের দিন আপনার একটি ভোটার অ্যাসিস্ট টার্মিনালের প্রয়োজন হয় এবং আপনার জন্য মনোনীত ভোট কেন্দ্রটিতে এটি অবস্থিত না থাকে, আপনি 311 নম্বরে আগাম টেলিফোন করার মাধ্যমে আপনার ব্যালটটিকে স্থানান্তর করানোর জন্য অনুরোধ করতে পারবেন।

**অন্যান্য পরিষেবাসমূহ**

- আপনি যদি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে না পারেন, তবে আপনি ডাকযোগে ভোট দেওয়ার জন্য অনুরোধ করতে পারেন অথবা একজন ভোটদান প্রতিনিধি নিযুক্ত করতে পারেন। আরও তথ্যের জন্য অপর পৃষ্ঠাটি দেখুন অথবা toronto.ca/Elections-এ যান।
- সকল ভোটকেন্দ্রে বড় করার শিট/আতস কাঁচসমূহ, ব্রেইলে ভোটদান সংক্রান্ত নির্দেশাবলী, ব্রেইলে ব্যালট ওভারলে (দৃষ্টিপ্রতিবন্ধীদের জন্য ব্রেইল ভিত্তিক ব্যালট নির্দেশিকা) এবং কীভাবে ভোট প্রদান করতে হবে সে সম্পর্কে 26টি ভাষায় নির্দেশাবলী রয়েছে।
- আপনাকে সাহায্য করার জন্য আপনি একজন বন্ধু বা সহায়তাকারী ব্যক্তিকে সাথে আনতে পারেন।
- আপনি যদি ভোটকেন্দ্রে প্রবেশ করতে অক্ষম হন, তবে আপনার ব্যালটটি বাইরে অথবা আপনার গাড়িতে পৌঁছে দেওয়া যেতে পারে। আরো তথ্যের জন্য 311 নম্বরে টেলিফোন করুন।
- আপনার নির্ধারিত ভোটকেন্দ্রে আপনি কোনো বাধার আশঙ্কা করলে, আপনি আগে থেকেই 311 নম্বরে টেলিফোন করে অন্য ভোটকেন্দ্রে ব্যালট স্থানান্তরের জন্য অনুরোধ করতে পারেন।
- আপনি বধির, শ্রবণশক্তিহীন, কম শ্রবণক্ষম অথবা বাক প্রতিবন্ধীতা সম্পন্ন ব্যক্তি হলে, আপনার টিটিওয়াই (TTY) ডিভাইস (যন্ত্র) ব্যবহার করে 711 ডায়াল করার মাধ্যমে আপনি নির্বাচন সংক্রান্ত তথ্য অধিগমন করতে পারেন।
- অতিরিক্ত অভিগম্যতা সংক্রান্ত সহায়তার জন্য AccessibleElections@toronto.ca-এ যোগাযোগ করুন।

## গ্রহণযোগ্য পরিচয়পত্র

ভোট প্রদান করার জন্য, আপনাকে অবশ্যই একজন নির্বাচন কর্মকর্তাকে আপনার নাম এবং টরন্টোর উপযুক্ত ঠিকানা সম্বলিত একটি গ্রহণযোগ্য পরিচয়পত্র (আইডি - ID) প্রদর্শন করতে হবে। ছবি সম্বলিত পরিচয়পত্রের প্রয়োজন নেই।

**গ্রহণযোগ্য আইডি (ID)-র উদাহরণসমূহ:**

- অন্টারিও কর্তৃক জারীকৃত গাড়ির চালকের লাইসেন্স (ড্রাইভিং লাইসেন্স), ছবি সম্বলিত কার্ড (ফটো কার্ড) অথবা মোটরযানের পারমিট (গাড়ির অংশ)।
- ক্রেডিট কার্ড বা ব্যাংকের লেন-দেন বিবরণী (ব্যাংক স্টেইটমেন্ট) অথবা বাতিল করা ব্যক্তিগত চেক।
- মর্টগেইজের বিবরণী (মর্টগেইজ স্টেইটমেন্ট), ইজারা বা বাড়ি ভাড়ার চুক্তিপত্র।
- চেকের অংশ (চেক স্ট্যাব), টি4 বিবরণী (টি4 স্টেইটমেন্ট) বা একজন নিয়োগকর্তা দ্বারা জারী করা রসিদ।
- অন্টারিও ওয়ার্কস বা অন্টারিও ডিজঅ্যাবিলিটি সাপোর্ট প্রোগ্রাম-এর সরাসরি আমানতের বিবরণী (স্টেইটমেন্ট অফ ডিরেক্ট ডিপোজিট)।
- সম্পত্তির কর মূল্যায়ন, আয়কর মূল্যায়ন নোটিস।
- বিদ্যুৎ, জল, গ্যাস, টেলিফোন বা ক্যাবল টিভির ইউটিলিটি বিল (গ্যাস বা বিদ্যুৎ/গ্যাসের বিল)।







**ইলেকট্রনিক আইডি:**

- আপনি আপনার মোবাইল ডিভাইসে যেকোনো নথিই পরিচয়পত্র হিসেবে প্রদর্শন করতে পারেন, যদি সেই নথিটি ইলেকট্রনিকভাবে জারী করা হয়ে থাকে (উদাহরণস্বরূপ, ডিজিটাল টেলিফোন বিল বা ক্রেডিট কার্ড সংক্রান্ত বিবরণী)।
- আপনি কোনো নথির ছবি, ফটোকপি বা স্ক্যান পরিচয়পত্র হিসেবে প্রদর্শন করতে পারবেন না, যদি সেই নথিটি ইলেকট্রনিকভাবে জারী করা না হয়ে থাকে (উদাহরণস্বরূপ আপনার গাড়ির চালকের লাইসেন্সের ছবি)।

toronto.ca/Elections

elections@toronto.ca

311

@cityoftoronto

City of Toronto

@cityofto

**গ্রহণযোগ্য পরিচয়পত্রের সম্পূর্ণ তালিকা toronto.ca/Elections**-এ খুঁজুন**।**

- আপনি আপনার ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ডটি পরিচয়পত্র হিসেবে ব্যবহার করতে **পারবেন না ।**
- আপনি আপনার পাসপোর্টটি পরিচয়পত্র হিসেবে ব্যবহার করতে **পারবেন না,** কারণ এটি আপনার ঠিকানা প্রদর্শন করে না।

